



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড  
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯  
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।  
আইসিটি সেল

বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সেলিম ভূঁইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ	২৮.০২.২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

স্মারক নম্বর ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৮, তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত অফিস আদেশের ভিত্তিতে অনুষ্ঠিত ভারুয়াল সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর আওতায় [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	সভায় আরপিসিএল এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) উপস্থাপন করা হয় এবং কর্মপরিকল্পনায় উল্লেখিত প্রতিটি কর্মসম্পাদন সূচক বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনা করে দেখা যায় প্রতিটি সূচকের অগ্রগতি সন্তোষজনক।	আইডিয়া বাস্তবায়নের পর প্রমানকসমূহ (রিপোর্ট, অফিস আদেশ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জারী/ সংরক্ষন করতে হবে।	আইডিয়া বাস্তবায়কারী
২।	প্রেজেন্টেশন আয়োজন	আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) বাস্তবায়নের নিমিত্ত গৃহীত সকল আইডিয়া ইতোমধ্যে চালু করা হয়েছে। উক্ত বাস্তবায়িত আইডিয়াগুলো একটি নির্ধারিত দিনে প্রেজেন্টেশন প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	সকল আইডিয়া বাস্তবায়নকারী আগামী ১০.০৩.২০২২ খ্রিঃ তারিখে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে নিজ নিজ বাস্তবায়িত আইডিয়ার ফলাফল উপস্থাপন করবেন।	আইডিয়া বাস্তবায়কারী

৩।	কর্মশালা সম্পর্কে অবিহিত করন	<p>গত ১৬.০২.২২ ইং তারিখে এটুআই কর্তৃক আয়োজিত “চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী প্রকল্প/উদ্যোগ গ্রহণের নিমিত্ত সম্ভাব্য ক্ষেত্র ও সংশ্লিষ্ট প্রযুক্তি চিহ্নিতকরণ” বিষয়ক কর্মশালায় আরপিসিএল এর তিনজন কর্মকর্তা অংশগ্রহন করেন।</p> <p>কর্মশালায় অংশগ্রহণকারী ইনোভেশন অফিসার কর্মশালার বিস্তারিত তুলে ধরেন। তিনি জানান যে, উক্ত কর্মশালায় চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী প্রযুক্তি ব্যবহার করে আইডিয়া বাস্তবায়নের জন্য আরপিসিএল এর ৫ টি সেবা চিহ্নিত করা হয়েছে:</p> <p>১। বিদ্যুৎ উৎপাদন সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও অনলাইন মনিটরিং  ২। ঠিকাদারের বিল ট্র্যাকিং সিস্টেম স্থাপন  ৩। বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ ইকুইপমেন্টের অনসাইট মনিটরিং এর মাধ্যমে আয়ুষ্কাল বৃদ্ধি  ৪। স্মার্ট তথ্য ব্যবস্থাপনা  ৫। দূষনমুক্ত, পরিবেশবান্ধব এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ উৎপাদন।</p>	আসন্ন ২২-২৩ অর্থবছরে চিহ্নিত সেবাগুলো ছাড়াও অন্যান্য আইডিয়া বাস্তবায়নের ক্ষেত্রে চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী প্রযুক্তি ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।	ইনোভেশন টিমের সকল সদস্য
৪।	সদর দপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন	<p>সদর দপ্তরের ইনোভেশন টিমের ৬ জন কর্মকর্তার মধ্যে বর্তমানে ৪ জন কর্মরত আছেন। এমতাবস্থায়, সাবেক মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব প্রলয় কুমার সাহা এর পরিবর্তে জনাব মোঃ শাহজাহান ফকির, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) অঃদাঃ কে সদস্য হিসাবে টিমে অন্তর্ভুক্ত করা ও নির্বাহী প্রকৌশলী জনাব প্রশান্ত কুমার সুত্রধর এর পরিবর্তে বর্তমান টিমের সদস্য জনাব শহীদুল ইসলাম (উপ-বিভাগীয় প্রকৌশলী) কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব প্রদান করা যায় মর্মে সভায় মতামত প্রদান করা হয়।</p>	<p>জনাব মোঃ শাহজাহান ফকির, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) অঃদাঃ কে সদস্য হিসাবে ইনোভেশন টিমে অন্তর্ভুক্ত ও জনাব শহীদুল ইসলাম (উপ-বিভাগীয় প্রকৌশলী) কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব প্রদান করতঃ সদর দপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন করে দপ্তরদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম ভূঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক

(প্রকৌশল), আরপিসিএল

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.১১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮

০২ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ

২) আরপিসিএল এর ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ আব্দুল বাতেন  
উপ-ব্যবস্থাপক